গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
বিএসএল অফিস কমপ্লেক্স, ভবন-২ (লেভেল ৪,৫,৬)
১১৯ কাজী নজরুল ইসলাম সড়ক, ঢাকা-১০০০
www.bfsa.gov.bd

**বিষয়: বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের ২০২৪-২০২৫ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির ১ম সভার কার্যবিবরণী।**

সভাপতি : জনাব জাকারিয়া
চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।

তারিখ : ০৪ জুলাই, ২০২৪ খ্রি:

সময় : বিকাল ০৩.০০ ঘটিকা

স্থান : বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের সম্মেলন কক্ষ।

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা : পরিশিষ্ট 'ক' তে দ্রষ্টব্য।

সভাপতি শুরুতে সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের সহকারী পরিচালক জনাব আসমা উল হোসনা কে আলোচ্যসূচি অনুযায়ী সভায় আলোচনা উপস্থাপনের জন্য অনুরোধ করা হয়। সভাপতির নির্দেশক্রমে তিনি আলোচ্যসূচি অনুযায়ী বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৪-২০২৫ এর কার্যক্রম বাস্তবায়নে কার্যকরী পদক্ষেপ গ্রহণের বিষয়ে আলোচনা উপস্থাপন করেন। অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|
| ১ | ২০২৩-২০২৪ অর্থবছরের ৪র্থ ত্রৈমাসিক অগ্রগতি পর্যালোচনা:<br><br>সভায় ২০২৩-২০২৪ অর্থবছরের ৪র্থ ত্রৈমাসিকে গৃহীত কার্যক্রমসমূহের সামগ্রিক অগ্রগতি পর্যালোচনা করা হয়। ৪র্থ ত্রৈমাসিকের অগ্রগতি সন্তোষজনক মর্মে উপস্থিত সদস্যরা মতামত ব্যক্ত করেন এবং প্রয়োজনীয় প্রমাণকসমূহ সংরক্ষণের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। | খাদ্য মন্ত্রণালয় কর্তৃক ধার্যকৃত সময়ের মধ্যে ৪র্থ ত্রৈমাসিক অগ্রগতি NIS সফটওয়্যারে দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয়। | ফোকাল পয়েন্ট |
| ২ | ১.১ নৈতিকতা কমিটির সভা আয়োজন:<br><br>সভায় নৈতিকতা কমিটির সভা আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়। প্রতি ত্রৈমাসিকে নৈতিকতা কমিটির সভা আয়োজনের বিষয়ে গুরুত্ব আরোপ করা হয়। | প্রতি ত্রৈমাসিকের শুরুতে নৈতিকতা কমিটির সভা আয়োজনের বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | ফোকাল পয়েন্ট |
| ৩ | ১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন:<br><br>নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। যথাসময়ে সকল সিদ্ধান্ত যেন শতভাগ বাস্তবায়ন সম্ভবপর হয় সে বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সদা তৎপর থাকার নির্দেশনা দেওয়া হয়। | নৈতিকতা কমিটিতে গৃহীত সকল সিদ্ধান্ত যেন শতভাগ বাস্তবায়ন সম্ভব হয় সে বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ফোকাল পয়েন্ট |

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|
| ৪ | ১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভা:<br><br>শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা এর আওতায় ১ম ত্রৈমাসিকে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনদের অংশগ্রহণে একটি সভা আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। বিগত অর্থবছরে অনুষ্ঠিত ৪ টি জেলা এবং বিভাগীয় জেলা ব্যতীত অন্যান্য জেলায় অংশীজনের সভা আয়োজনের বিষয়ে উপস্থিত সদস্যগণ মতামত ব্যক্ত করেন। | ১ম প্রান্তিকের নির্ধারিত সভাটি আগামী সেপ্টেম্বর মাসে পটুয়াখালী জেলায় আয়োজন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | ফোকাল পয়েন্ট |
| ৫ | ২.১ ২০২৪-২৫ অর্থ বছরের রাজস্ব এবং উন্নয়ন বাজেটের ক্রয় পরিকল্পনা পিপিআর -২০০৮ এর তফসিল ৫ এ বর্ণিত ফর্ম অনুসরণ করে তৈরি এবং অনুমোদিত ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ:<br><br>সভায় ২০২৪-২৫ অর্থ বছরের রাজস্ব এবং উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা নির্ধারিত সময়সীমার মধ্যে ওয়েবসাইটে প্রকাশের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ২০২৪-২৫ অর্থবছরের রাজস্ব এবং উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা ৩১-০৭-২০২৪ তারিখের মধ্যে ওয়েবসাইটে প্রকাশের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (সংস্থাপন, আর্থিক ও জনসম্পদ ব্যবস্থাপনা) |
| ৬ | ২.২ অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (রাজস্ব এবং উন্নয়ন বাজেটের):<br><br>অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়নের বিষয়ে (রাজস্ব এবং উন্নয়ন বাজেটের) সভায় আলোচনা করা হয়। | ২০২৪-২৫ অর্থবছরে ক্রমপুঞ্জিত লক্ষ্যমাত্রা অনুযায়ী ১ম ত্রৈমাসিকের মধ্যে বার্ষিক ক্রয় পরিকল্পনার ৫% যথাযথ বাস্তবায়নের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (সংস্থাপন, আর্থিক ও জনসম্পদ ব্যবস্থাপনা) ও প্রকল্প পরিচালক |
| ৭ | ২.৩ বাজেট বাস্তবায়ন:<br><br>২০২৪-২০২৫ অর্থবছরের বাজেট (রাজস্ব ও উন্নয়ন বাজেট) যথাযথভাবে বাস্তবায়ন করার বিষয়ে আলোচনা করা হয়। | লক্ষ্যমাত্রা অনুযায়ী ২০২৪-২০২৫ অর্থ বছরের ১ম ত্রৈমাসিকের মধ্যে লক্ষ্যমাত্রা অনুযায়ী বাজেট বাস্তবায়নের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (সংস্থাপন, আর্থিক ও জনসম্পদ ব্যবস্থাপনা) |
| ৮ | ২.৪ প্রকল্পের PIC সভা আয়োজন:<br><br>২০২৪-২০২৫ অর্থবছরের ৪র্থ ত্রৈমাসিকে PIC প্রকল্পের দুটি সভা আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়। | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের দুটি প্রকল্প কর্তৃক ১ টি করে মোট ২ টি PIC সভা আগামী সেপ্টেম্বর ২০২৪ এর মধ্যে আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রকল্প পরিচালক |
| ৯ | ৩.২ হাটবাজারে অনিরাপদ খাদ্য প্রস্তুত ও পরিবেশন প্রতিরোধে জনসচেতনতামূলক কার্যক্রম (ভিডিও প্রদর্শনী/ প্রচার কার্যক্রম)<br><br>উক্ত কার্যক্রমের আওতায় কি কি জনসচেতনতা মূলক কার্যক্রম গ্রহণ করা যায় সে বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। অতঃপর উপস্থিত সদস্যবৃন্দ জনসভা/নাটক/কুইজ প্রতিযোগিতা ইত্যাদি কার্যক্রম গ্রহণের বিষয়ে মতামত ব্যক্ত করেন। | ৫টি জেলার ৫টি উপজেলা নির্ধারণ করে উক্ত কার্যক্রম বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক খাদ্য ভোক্তা সচেতনতা, ঝুঁকি ও নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা বিভাগ |

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|
| ১০ | আউট অফ দ্যা বক্স কার্যক্রম:<br><br>আউট অফ দ্যা বক্স কার্যক্রম গ্রহণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং আলোচনা শেষে উপস্থিত সদস্যবৃন্দ ''মোড়কাবদ্ধ খাদ্য লেবেলিং প্রবিধানমালা, ২০১৭ অনুযায়ী খাদ্যপণ্যের (তেল) লেবেলের মূল্যায়ন সংক্রান্ত চেকলিস্ট প্রণয়নের'' বিষয়ে সহমত পোষণ করেন। | আউট অফ দ্যা বক্স কার্যক্রম হিসেবে ''মোড়কাবদ্ধ খাদ্য লেবেলিং প্রবিধানমালা, ২০১৭ অনুযায়ী খাদ্যপণ্যের (তেল) লেবেলের মূল্যায়ন চেকলিস্ট প্রণয়নের'' সিদ্ধান্ত গৃহীত হয়। | ফোকাল পয়েন্ট |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলের সুস্বাস্থ্য কামনা করে এবং ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

৪/৭/২০২৪

জাকারিয়া
চেয়ারম্যান
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
ও
সভাপতি, নৈতিকতা কমিটি

নম্বর : ১৩.০২.০০০০.৯০০.৫৪.০০৫.২৩ — ২৫

তারিখ : ০৪-০৭-২০২৪ খ্রি.

**সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):**

০১। সদস্য (সকল), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।

০২। সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।

০৩। পরিচালক (সকল), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।

০৪। অতিরিক্ত পরিচালক, (সকল), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।

০৫। উপপরিচালক (সকল), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।

০৬। ৯ম গ্রেডের কর্মকর্তা, প্রধান কার্যালয় (সকল), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।

**সদয় অবগতির জন্য:**

১। পিএস টু চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য

আসমা উল হোসনা
সহকারী পরিচালক
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ